

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.০৪৪.২৪.১৫০

১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: জিন হং গার্মেন্টস লিঃ নামক ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক
বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-২৬৬, তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, জিন হং গার্মেন্টস লিঃ, অফিস ও কারখানাঃ নওজোর, টাঙ্গাইল রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ ০০০১২২৩-২৪, তারিখ: ০৪/০২/২০২৪ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন) উদ্যোগ বিদ্যমান কারখানার সুসমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- 3465202, তারিখ- ১৪-০২-২০২৪ খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- GLLAE0003180, তারিখ-২৬-০২-২০২৪ খ্রিঃ, যার ইনভয়েস মূল্য-USD=14537.73 ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ নওজোর, টাঙ্গাইল রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

(ক) বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।

(খ) প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব জিন হং গার্মেন্টস লিঃ, অফিস ও কারখানাঃ নওজোর, টাঙ্গাইল রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর এলাকায় স্থাপন করতে হবে।

(গ) উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।

(ঘ) আমদানিকৃত মেশিনারীজ কারখানায় স্থাপন করতঃ মেশিনারীজ আমদানির বিনিয়োগ USD=14537.73 ডলার নিবন্ধনে অন্তর্ভুক্ত করে নিবন্ধনের বিনিয়োগ সংশোধন করতে হবে এবং মেশিনারীজ কারখানায় স্থাপন করার ০৩ (তিন) মাসের মধ্যে বস্ত্র অধিদপ্তরকে অবহিত করতে হবে।



৩১-০৩-২০২৪

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,


ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.০৪৪.২৪.১৫০/১ (৫)

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, জিন হং গার্মেন্টস লিঃ, অফিস ও কারখানাঃ নওজোর, টাঙ্গাইল রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর;
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

৩১-০৩-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক